

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
পদ্মা পানি শোধনাগার

নথি নম্বর: ৪৬ ০৫.০০০০.০০০.৭১.০৯১.২৩ নথির বিষয়: পদ্মা পানি শোধনাগার বিভাগের অধীনে "Supply necessary items for Water fountain in front of administrative building and related works" শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: পদ্মা পানি শোধনাগার বিভাগের অধীনে "Supply necessary items for Water fountain in front of administrative building and related works" শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ৩/৮/২৩ ৭:৫৪ অপরাহ্ন

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৪৫০ এমএলডি ক্ষমতাসম্পন্ন পদ্মা পানি শোধনাগার বাংলাদেশ তথা দক্ষিণ এশিয়ার অন্যতম বৃহৎ পানি শোধনাগার। এই প্লান্টের পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম দেখতে ও প্রশিক্ষণ গ্রহণের উদ্দেশ্যে দেশী-বিদেশী বিভিন্ন সংস্থার প্রতিনিধিগণ প্রায়ই পরিদর্শনে আসেন। Water Treatment Plant (WTP) এর গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ প্রতিনিয়ত ঢাকা ওয়াসার উর্ধ্বতন কর্তৃপক্ষ ও মন্ত্রনালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ এবং বিদেশী বিনিয়োগ সংস্থার প্রতিনিধিগণ পরিদর্শন করেন। WTP কম্পাউন্ডের ল্যান্ডস্কেপিং মাস্টারপ্ল্যান অনুযায়ী প্রশাসনিক ভবনের সম্মুখে সৌন্দর্যবর্ধনের উদ্দেশ্যে বসার স্থানসহ একটি সুদৃশ্য water fountain বানানোর পরিকল্পনা নেয়া হয়েছে (ক্রমিক নং-১ দ্রষ্টব্য)। এতে প্লান্ট পরিদর্শনে আগত দেশী-বিদেশী অতিথিদের কাছে প্লান্টের aesthetic view উন্নত হবে ফলে ঢাকা ওয়াসার ইমেজ বৃদ্ধি পাবে। সেই বিবেচনায় "Supply necessary items for Water fountain in front of administrative building and related works." শীর্ষক কাজটি চলতি অর্থবছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনাভুক্ত করা হয়েছে।

সংযুক্তিসমূহ (৪):



- ১। ১) ল্যান্ডস্কেপিং মাস্টারপ্ল্যান ড্রয়িং.pdf
- ২। ২) নির্মাণ নক্সাসহ ত্রিমাত্রিক ডিজাইন.pdf
- ৩। ৩) আলোচ্য কাজের প্রাক্কলন.pdf
- ৪। ৪) অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনা ২৩-২৪.pdf

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ৩/৮/২৩ ৭:৫৫ অপরাহ্ন

প্রশাসনিক ভবনের সম্মুখে Water fountain নির্মাণ করার নিমিত্তে বিভাগীয়ভাবে নির্মাণ নক্সাসহ ত্রিমাত্রিক ডিজাইন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-২ দ্রষ্টব্য)। নক্সা অনুযায়ী প্রকৃত পরিমাপের আলোকে পিডরিউডি রেট শিডিউল-২০২২ এর দর অনুসরণে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-৩ দ্রষ্টব্য)। প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ ৮.২৪,৯৮,৫২৬.১০৮ (টাকা চব্বিশ লক্ষ আটানব্বই হাজার পাঁচশত ছাব্বিশ দশমিক এক শূণ্য আট মাত্র)। উক্ত ব্যয় অত্র বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের বাজেট বরাদ্দের Office building construction খাত হতে (অনুমোদিত ক্রয়-পরিকল্পনার আইটেম নং-৮৪, প্যাকেজ নং- APP/23-24/G/48) নির্বাহ করে পিপিআর-২০০৮ এর বিধি ৬১ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM e-GP) সম্পাদনের প্রস্তাবসহ অন্তর্ভুক্ত আছে (ক্রমিক নং-৪ দ্রষ্টব্য)। আর্থিক ক্ষমতার বন্টন অনুযায়ী এই ব্যয় অনুমোদন ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের এখতিয়ারভুক্ত।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ৩/৮/২৩ ৭:৫৫ অপরাহ্ন

এমতাবস্থায়, উপরের বিস্তারিত বর্ণনার আলোকে পদ্মা পানি শোধনাগারের প্রশাসনিক ভবনের সৌন্দর্যবর্ধনের স্বার্থে "Supply necessary items for Water fountain in front of administrative building and related works" কাজের জন্য প্রাক্কলিত ৮.২৪,৯৮,৫২৬.১০৮ (টাকা চব্বিশ লক্ষ আটানব্বই হাজার পাঁচশত ছাব্বিশ দশমিক এক শূণ্য মাত্র) টাকার ব্যয় অত্র বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের বাজেট বরাদ্দের Office building construction খাত হতে (অনুমোদিত ক্রয়-পরিকল্পনার আইটেম নং-৮৪, প্যাকেজ নং- APP/23-24/G/48) নির্বাহ করে পিপিআর-২০০৮ এর বিধি ৬১ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM e-GP) সম্পাদনের প্রস্তাব সদয় প্রশাসনিক, কারিগরি ও আর্থিক অনুমোদনের জন্য সর্বনিম্নে উপস্থাপন করা হল।

			
৩/৮/২৩ ৮:০১ অপরাহ্ন মোঃ মেহেদী হাসান উপ-সহকারী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার	৪/৮/২৩ ১২:২৫ পূর্বাহ্ন মোহাম্মদ মোহেল রানা সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পদ্মা পানি শোধনাগার	৫/৮/২৩ ৯:৩৮ অপরাহ্ন গাজী আসরিব বিন সালাম নির্বাহী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার	৫/৮/২৩ ৯:৩৮ অপরাহ্ন মিজা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ৬/৮/২৩ ৪:৪৫ অপরাহ্ন


Forwarded for kind approval of paragraph:1.2

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

 ৬/৮/২৩ ৪:৪৮ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	৬/৮/২৩ ৪:৪৮ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
---	---



অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ৬/৮/২৩ ৮:৩৯ অপরাহ্ন

অনুমোদিত

 ৬/৮/২৩ ৮:৩৯ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	৬/৮/২৩ ৮:৩৯ অপরাহ্ন গাজী আসরিব বিন সালাম নির্বাহী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার
--	---

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ৬/৮/২৩ ৮:৫৬ অপরাহ্ন

অনুচ্ছেদ ১.৪ এর অনুমোদনের প্রেক্ষিতে e-GP তে দরপত্র আহবানের ব্যাবস্থা করণ। দরপত্র কার্যক্রম শেষে নথিটি নিষ্পত্তি করণ।

 ৬/৮/২৩ ৮:৫৬ অপরাহ্ন গাজী আসরিব বিন সালাম নির্বাহী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার	 ১৪/৮/২৩ ১২:৫৩ পূর্বাহ্ন মাহমুদ রিয়াদ সহকারী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার	 ১৪/৮/২৩ ১০:২০ পূর্বাহ্ন মোহাম্মদ সোহেল রানা সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পদ্মা পানি শোধনাগার	১৪/৮/২৩ ১০:২০ পূর্বাহ্ন মোঃ মেহেদী হাসান উপ-সহকারী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার
---	--	--	--

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা